

# এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র বিতরণ শুরু বুধবার

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

২০২৫ সালের এইচএসসি পরীক্ষার ঢাকা  
বোর্ডের মূল নম্বরপত্র বিতরণ শুরু হতে  
যাচ্ছে আগামীকাল ১০ ডিসেম্বর থেকে যা চলবে  
২২ ডিসেম্বর পর্যন্ত। ওই সময়ে শিক্ষার্থীদের মূল  
নম্বরপত্র গ্রহণ করতে বলা হয়েছে।

সোমবার (৭ ডিসেম্বর) ঢাকা মাধ্যমিক ও  
উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক  
প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার  
স্বাক্ষরিত এক অফিস আদেশে বিষয়টি জানানো  
হয়।

অফিস আদেশে বলা হয়, শিক্ষাপ্রতিষ্ঠানের  
২০২৫ সালে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র বা

ছাত্রীদের মূল নম্বরপত্র নিম্নে বর্ণিত সময় ও  
তারিখ অনুযায়ী বোর্ডের সনদ শাখা থেকে গ্রহণ  
করার জন্য অনুরোধ করা হলো।

এসব মূল নম্বরপত্র ১০ থেকে ২২ ডিসেম্বর  
পর্যন্ত সকাল ১০টা থেকে দুপুর ৩টার মধ্যে  
সনদপত্র শাখার ৪নং ভবনের ৫ তলা থেকে  
সংগ্রহ করত হবে।

অফিস আদেশে জানানো হয়, টাঙ্গাইল ও ঢাকা  
জেলার মূল নম্বরপত্র পাওয়া যাবে ১০ ডিসেম্বর,  
নরসিংড়ী, ফরিদপুর জেলার মূল নম্বরপত্র  
পাওয়া যাবে ১১ ডিসেম্বর, মানিকগঞ্জ ও  
মুন্সিগঞ্জ জেলার মূল নম্বরপত্র পাওয়া যাবে ১৪  
ডিসেম্বর, কিশোরগঞ্জ ও নারায়ণগঞ্জ জেলার  
মূল নম্বরপত্র পাওয়া যাবে ১৫ ডিসেম্বর,  
মাদারীপুর ও শরীয়তপুর জেলার মূল নম্বরপত্র  
পাওয়া যাবে ১৭ ডিসেম্বর, রাজবাড়ী,  
গোপালগঞ্জ জেলার মূল নম্বরপত্র পাওয়া যাবে  
১৮ ডিসেম্বর, গাজীপুর জেলার মূল নম্বরপত্র  
পাওয়া যাবে ২১ ডিসেম্বর এবং ঢাকা মহানগরের  
মূল নম্বরপত্র পাওয়া যাবে ২২ ডিসেম্বর।

অফিস আদেশে আরো বলা হয়, আপনার শিক্ষা  
প্রতিষ্ঠানের মূল নম্বরপত্র গ্রহণ করার জন্য

বিভাগওয়ারী কর্তজন ছাত্র বা ছাত্রী উত্তীর্ণ  
হয়েছে তার বিবরণসহ নিজে অথবা দায়িত্বশীল  
প্রতিনিধিকে প্রাধিকার পত্র দিয়ে তিনটি নমুনা  
স্বাক্ষর সত্যায়িতসহ মূল নম্বরপত্র গ্রহণ করার  
জন্য অনুরোধ করা হলো।